# আল-মুরসালাত | Al-Mursalat | ٱلْمُرْسَلَات

আয়াতঃ ৭৭ : ১১

## আরবি মূল আয়াত:

وَ اِذَا الرُّسُلُ اُقِّتَتۡ ﴿۱۱﴾

## অনুবাদসমূহ:

আর যখন রাসূলদেরকে নির্ধারিত সময়ে উপস্থিত করা হবে; — আল-বায়ান

যখন (হাশরের মাঠে) রসূলগণের একত্রিত হওয়ার সময় এসে পড়বে। — তাইসিরুল

এবং রাসূলগণের নিরূপিত সময় উপস্থিত হবে। — মুজিবুর রহমান

And when the messengers' time has come... — Sahih International

### ১১. আর যখন রাসূলগনকে নির্ধারিত সময়ে উপস্থিত করা হবে(১),

(১) এখানে আল্লাহ্ তা'আলার ওয়াদা বা ভীতিপ্রদ বিষয়সমূহ বাস্তবায়ন মুহুর্তের কতিপয় ভয়ানক অবস্থা বর্ণনা করে বলেন যে, প্রথমে সব নক্ষত্র জ্যোতিহীন হয়ে যাবে এবং ঝরে যাবে। দ্বিতীয় অবস্থা এই যে, আকাশ বিদীর্ণ হয়ে যাবে। তৃতীয় অবস্থা এই যে, পর্বতসমূহ চুর্ণ হয়ে বিক্ষিপ্ত ধূলি-কণা হওয়ার পর নাই হয়ে যাবে। চতুর্থ অবস্থা হলো, নবী-রাসূলগণের জন্যে তাদের ও তাদের উম্মতের মাঝে বিচারের জন্য উপস্থিত হওয়ার যে সময় নিরূপিত হয়েছিল, তারা যখন সে সময়ে পৌছে যাবেন। এবং তাদেরকে জড়ো করা হবে। [মুয়াস্‌সার, সা'দী]

তাফসীরে জাকারিয়া

### (১১) এবং রসূলগণকে নির্ধারিত সময়ে উপস্থিত করা হবে। [1]

[1] অর্থাৎ, বিচার-ফায়সালার জন্য। তাঁদের বয়ানসমূহ শুনে তাঁদের সম্প্রদায়ের ব্যাপারে ফায়সালা করা হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5633

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন